

আন্তর্জাতিক

হরমুজকে "নতুন মার্কিন ভূখণ্ড" ঘোষণা করে মানচিত্র প্রকাশ ট্রাম্পের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



পারস্য উপসাগর ও ওমান উপসাগরকে সংযোগকারী হরমুজ প্রণালিকে "নতুন মার্কিন ভূখণ্ড" হিসেবে ঘোষণা করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ দাবির সমর্থনে একটি মানচিত্রও প্রকাশ করেছেন তিনি।

গতকাল শনিবার নিজের সামাজিক যোগাযোগমাধ্যম টুইথ সোশ্যালে মানচিত্রটির ছবি শেয়ার করেন ট্রাম্প।

এর আগে গত ১৫ আগস্ট নিউইয়র্ক অঙ্গরাজ্যে রিপাবলিকান পার্টির এক সমাবেশে হরমুজ নিয়ে মন্তব্য করেন ট্রাম্প। তিনি বলেন, ইরান সামনে "খুব বাজেভাবে" হারতে যাচ্ছে। ইরানকে পরাজিত করার পর হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড ঘোষণা করবেন তিনি।

১৬৭ কিলোমিটার দীর্ঘ হরমুজ প্রণালি বৈশ্বিক জ্বালানি বাণিজ্যের গুরুত্বপূর্ণ পথ। বিশ্বের মোট জ্বালানি পণ্যের প্রায় এক-পঞ্চমাংশ এই প্রণালি দিয়ে পরিবাহিত হয়। এর এক পাশে ইরান, অন্য পাশে ওমান।

গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ইরানে অভিযান শুরু করার পর হরমুজে বিদেশি জাহাজ চলাচলে অবরোধ দেয় তেহরান। এর পাল্টা পদক্ষেপ হিসেবে ইরানের সামুদ্রিক বন্দরগুলোতে অবরোধ ঘোষণা করে যুক্তরাষ্ট্রও।

পরে পাকিস্তানের মধ্যস্থতায় গত ১৭ জুন যুক্তরাষ্ট্র ও ইরান ইসলামাবাদ সমঝোতা স্মারক চুক্তি সই করে। চুক্তির পর হরমুজ থেকে অবরোধ তুলে নেয় ইরান। ইরানের বন্দরগুলো থেকেও প্রহরা সরিয়ে নেয় মার্কিন নৌবাহিনী।

তবে ১৩ জুলাই ইসলামাবাদ চুক্তি থেকে বেরিয়ে যায় ইরান। এরপর হরমুজ প্রণালিতে আবারও অবরোধ জারি করে দেশটি। এখনো ওই অবরোধ চলছে।

গত ১২ আগস্ট যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যে জয়েন্ট বেইস অ্যান্ড্রুজ পরিদর্শনের সময় হরমুজ নিয়ে আরও মন্তব্য করেন ট্রাম্প। তিনি বলেন, ইরান হরমুজ প্রণালিতে মাইন পেতেছে। যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ওই জলপথ মাইনমুক্ত করছে।

ট্রাম্প আরও বলেন, শিগগিরই পুরো প্রণালি মাইনমুক্ত করা হবে। হরমুজে এখন ইরানের কোনো নিয়ন্ত্রণ নেই। পুরো প্রণালি যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে রয়েছে।

সূত্র: এএফপি, এনডিটিভি

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় কেপথাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক কেপথাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/hrmujke-ntun-markin-bhukhnd-ghoshna-kre-manchitr-prkash-tramper>